এইচ এস সি ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ইসলাম শিক্ষা প্রথম পত্র

বিষয় কোড: ২ ৪ ৯

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | মান — ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ সাদিক ইসলামি শিক্ষায় উচ্চতর ডিগ্রি অর্জন করেছেন এবং তিনি বাস্তব জীবনে ইসলামের বিধান পরিপূর্ণরূপে মেনে চলেন। তিনি কুরআন-সুন্নাহর আলোকে জীবনযাপন করেন। পক্ষান্তরে তার ছোট ভাই হামিদ ইসলামি শিক্ষাকে তুচ্ছ-তাচ্ছিল্য করে। সে বলে, ইসলামি শিক্ষা প্রগতিশীল ও যুগোপযোগী নয়।

ক. 'Education' শব্দটি কোন শব্দ থেকে এসেছে? ১

খ. ইসলামি শিক্ষা সর্বপ্রাচীন আবার সর্বাধুনিক শিক্ষা– ব্যাখ্যা করো। ২

গ. হামিদের কাজ ও উক্তিটি ইসলামের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. সাদিকের জীবনযাপনের আলোকে ইসলামি শিক্ষার স্বরূপ বিশ্লেষণ করো। ৪

২.▶ শাফায়াত হোসেন ও আনিস দুই বন্ধু। শাফায়াত হোসেন সকল ইবাদত যথাযথভাবে পালন করেন। আনিস সালাত আদায় করেন কিন্তু প্রচুর সম্পদের মালিক হওয়া সত্ত্বেও জাকাত দেন না। একদা শাফায়াত হোসেন আনিসকে বললেন, সত্যিকারের ইমানদার হতে হলে ইসলামের সকল বুনিয়াদি আমল পালন করা আবশ্যক।

ক. ইসলামের বুনিয়াদ কয়টি? ১

খ. 'সাওম ঢালস্বরূপ'—ব্যাখ্যা করো। ২

গ. আনিসের কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে কীরূপ? কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. শাফায়াত হোসেনের উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৩.▶ জসীম সাহেব সরকারি অফিসে চাকরি করেন। তার মাধ্যমে অনেক গুরুত্বপূর্ণ ফাইল সই হয়। তিনি ইচ্ছা করলেই অনেক অর্থবিত্তের মালিক হতে পারেন। কিন্তু তিনি নিজের কাজ যথা নিয়মে সম্পন্ন করেন। কেউ টাকা দিতে চাইলেও নেন না। অপরদিকে একই অফিসের হারুন সাহেব ফাইল আটকিয়ে সময়ক্ষেপণ করে বিভিন্ন কৌশলে গ্রাহকদের নিকট থেকে টাকা আদায় করেন। এক্ষেত্রে তিনি কাউকে ছাড় দেন না।

ক. হালাল উপার্জন বলতে কী বোঝ? ১

খ. উদ্দীপকে বর্ণিত কার উপার্জনটি শরিয়তের দৃষ্টিতে হালাল? ব্যাখ্যা করো। ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে বর্ণিত দুজনের কাজের ধরনের মাঝে কোন পার্থক্যটি বিদ্যমান? ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দুজনের মধ্যে কার উপার্জনকে তুমি সমর্থন করো? তোমার পক্ষে কুরআন-হাদিসের যুক্তি দাও। ৪

৪.▶ জনাব শাহেদ একজন নওমুসলিম। ইসলাম গ্রহণের পর তিনি তার পিতা-মাতার সাথে সম্পর্ক ছিন্ন করেছেন। কারণ তারা জনাব শাহেদকে পূর্ব ধর্মে ফিরে যেতে চাপ দিচ্ছেন। অন্যদিকে জনাব আকরাম সম্পদশালী হওয়া সত্ত্বেও গ্রামে বসবাসকারী তার পিতামাতার খোঁজ-খবর নেন না। তার প্রতিবেশী আশরাফ সাহেব বললেন, পিতামাতার সন্তুষ্টির ওপর সন্তানের জান্নাত নির্ভরশীল।

ক. ইসলামি পরিবার কীসের আলোকে গড়ে ওঠে? ১

খ. স্বামী মারা গেলে স্ত্রীর কর্তব্য কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব শাহেদের এরূপ আচরণ কতটুকু ইসলামসম্মত? ব্যাখ্যা দাও। ৩

ঘ. প্রতিবেশী আশরাফ সাহেবের বক্তব্যের সাথে তুমি কি একমত? সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ এনামুল হক সাহেব একটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের শাখা ব্যবস্থাপক। পেশাগত জীবনে তিনি একজন দক্ষ ব্যাংকার। তার পরিবারকে কখনো আর্থিক সংকটে পড়তে হয়নি। সব মিলিয়ে পরিবারে কোনো কিছুরই ঘাটতি নেই; তবে একটি জিনিসের অভাব প্রকট। তা হলো— পারিবারিক শান্তি-শৃঙ্খলা। পরিবারের কেউ কারও কথা মানে না। সন্তানেরা বাবা-মায়ের আদেশ-নির্দেশ মেনে চলে না। এসব বিষয়ে চিন্তিত এনামুল সাহেব স্থানীয় মসজিদের ইমাম সাহেবের সাথে দেখা করলে ইমাম সাহেব তাকে পরিবারে ইসলামের অনুশাসন মেনে চলার পরামর্শ দেন।

ক. هما جنتك ونارك এ হাদিসটির অর্থ কী? ১

খ. 'স্নেহময়ী মাতা সন্তানের প্রাথমিক শিক্ষাগুরু'—বুঝিয়ে লেখো। ২

গ. এনামুল হক সাহেবের পরিবারে শান্তি-শৃঙ্খলার অভাবের বিষয়টির প্রেক্ষাপট কী হতে পারে? ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমাম সাহেবের পরামর্শ গ্রহণ করলে এনামুল হক সাহেবের পরিবার কেমন হবে বলে তুমি মনে কর? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৬.▶ বাবুল একজন কম শিক্ষিত যুবক। প্রত্যাশা অনুযায়ী কর্মসংস্থান না হওয়ায় আরও কয়েক বন্ধুকে নিয়ে সে একটি দল গঠন করে। এ দলটি রাতের বেলা অপরের বাড়িতে প্রবেশ করে অস্ত্রের মুখে টাকা-পয়সা ও মূল্যবান মালামাল নিয়ে চলে আসে। তার প্রতিবেশী রাকিব একজন চাকরিজীবী। তিনি তার ঊর্ধ্বতন কর্মকর্তার যোগসাজশে অফিসের ফাইল আটকে টাকা আদায় করে। গোপনে কর্মকর্তাকে দেন এবং নিজেও ভাগ পান।

ক. ইভ টিজিং কী? ১

খ. যে ব্যক্তি মানুষের কৃতজ্ঞতা প্রকাশ করে না সে আল্লাহরও কৃতজ্ঞতা প্রকাশ করে না— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বাবুলের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. রাকিবের কাজটি শাস্তিযোগ্য অপরাধ— বিশ্লেষণ করো। ৪

৭.▶ নিজাম সাহেব নিয়মিত ইবাদত-বন্দেগি করেন। কিন্তু তিনি কোনো সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে চান না। তার এলাকায় মাদকাসক্তি, ইভ টিজিং, চাঁদাবাজি, সন্ত্রাস ইত্যাদি সামাজিক অনাচার মারাত্মকভাবে ছড়িয়ে পড়েছে। স্থানীয় মসজিদের ইমাম সাহেবের নেতৃত্বে 'সামাজিক অনাচার প্রতিরোধ কমিটি' গঠিত হয়েছে। ইমাম সাহেব নিজাম সাহেবকে তাদের সাথে কাজ করার আহ্বান জানালে নিজাম সাহেব তা প্রত্যাখ্যান করেন। তখন ইমাম সাহেব বললেন, ইবাদত-বন্দেগির ন্যায় সৎকাজের আদেশ এবং অসৎকাজের নিষেধও অপরিহার্য।

ক. 'সৎকাজের আদেশ'-এর আরবি প্রতিশব্দ কী? ১

খ. ইসলামি সমাজে ইমামের একটি ভূমিকা লেখ। ২

গ. নিজাম সাহেবের কাজটি শরিয়তের আলোকে কীরূপ? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমাম সাহেবের উক্তিটি তুমি যথার্থ বলে মনে কর কি? যুক্তি দেখাও। ৪

৮.▶ 'ক' দেশের অর্থব্যবস্থা সুদভিত্তিক। সে দেশের সকল লেনদেন কার্যক্রম মুনাফার ওপর নির্ভর করে। দেশটির পার্শ্ববর্তী 'খ' দেশে সকল অর্থব্যবস্থা সুদমুক্ত এবং দেশটিতে সম্পদের সুষম বণ্টন ব্যবস্থা প্রচলিত।

ক. সুদের হুকুম কী? ১

খ. ইসলামি অর্থব্যবস্থায় রাষ্ট্রীয় আয়ের উৎস কী কী? ২

গ. 'খ' দেশে কীরূপ অর্থব্যবস্থা প্রচলিত? তার বৈশিষ্ট্য বর্ণনা করো। ৩

ঘ. 'ক' দেশের অর্থব্যবস্থার ক্ষতিকর দিকগুলো তুলে ধরো। ৪

http://teachingbd.com

৯.▶ বৃত্তি নিয়ে তাওহিদ একটি দেশে গমন করে দেখতে পান, সে দেশের সংবিধানে উল্লেখ আছে স্রষ্টাই সর্বময় ক্ষমতার মালিক। যেকোনো সংকটে সংসদের পরামর্শ মোতাবেক নির্বাহী প্রধান সিদ্ধান্ত গ্রহণ করেন। রাষ্ট্রের নাগরিক মি. জ্যাকব একটি বৃহৎ ওষুধ ফ্যাক্টরির জন্য জমি বরাদ্দের আবেদন জানালে সরকার তা মঞ্জুর করে।

ক. মজলিশে শুরা কী? ১

খ. 'বাকস্বাধীনতা' কোন ধরনের অধিকার? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্রটি কোন রাষ্ট্রব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মি. জ্যাকবের ক্ষেত্রে রাষ্ট্রের ভূমিকা চিহ্নিতপূর্বক এর যথার্থতা বিশ্লেষণ করো। ৪

১০.▶ সন্তানহারা রফিক সাহেব এবং তার স্ত্রী দিন-রাত মাজারে প্রার্থনা করছে একটি সন্তানের আশায়। মুসলমান হলেও তারা ঠিকমতো নামাজ পড়ে না। মসজিদের ইমাম সাহেব তাদের এ অবস্থা দেখে বললেন, শ্রেষ্ঠনবির উম্মত হয়ে তোমরা এ ধরনের কাজ কেন করছ? এতে মহান আল্লাহ অসন্তুষ্ট হন।

ক. 'দীন গ্রহণে কোনো জবরদস্তি নেই'— কোন সুরার আয়াত? ১

খ. ইসলামের প্রচার ও প্রসারে দাওয়াহর ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. রফিক সাহেব এবং তার স্ত্রীর মতো উম্মাহর আগমন শুরু হয় কখন থেকে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে শ্রেষ্ঠনবির উম্মত বলতে কোন ধরনের উম্মতকে বোঝানো হয়েছে? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১.▶ একটি দেশে মুসলমানগণ বিভিন্নভাবে নির্যাতিত হচ্ছে। এ নিয়ে পত্রপত্রিকা, ফেসবুকে তীব্র নিন্দার ঝড় উঠেছে। কিন্তু ওই দেশের সরকার এ অবস্থায় নীরব ভূমিকা পালন করছে। ও আই সি এ ঘটনার তীব্র প্রতিবাদ ও নির্যাতন বন্ধের আহ্বান জানায়।

ক. 'উখওয়াত'-এর অর্থ কী? ১

খ. খিদমতে খালকের ধারণা দাও। ২

গ. ওই দেশের উগ্রপন্থিদের কর্মকাণ্ড তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশি নাগরিক হিসেবে ওই মুসলমানদের জন্য কী কী করা প্রয়োজন? বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

ইসলাম শিক্ষা প্রথম পত্র

বিষয় কোড | ২ | ৪ | ৯

সময় — ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।

১. কোন শিক্ষা মানুষের মনে আল্লাহর প্রতি অবিচল আস্থা ও বিশ্বাস প্রতিষ্ঠা করে?
ক আধুনিক শিক্ষা খ মানবিক শিক্ষা
গ ইসলাম শিক্ষা ঘ উচ্চ শিক্ষা

২. আল্লাহর নিকট একমাত্র মনোনীত 'দীন' কোনটি?
ক ইসলাম খ তাওহিদ
গ পাঁচটি বুনিয়াদ ঘ রিসালাত ভিত্তিক

৩. এক মুসলিমের ওপর অন্য মুসলিমের হক কয়টি?
ক পাঁচটি খ ছয়টি
গ সাতটি ঘ আটটি

৪. গণিত শাস্ত্রের বিশ্বকোষ কোনটি?
ক আল-কানুন-আল মাসউদী
খ মুশকিলাত-ই-হিসাব
গ হিসাব-আল-জাবর
ঘ কিতাবুল হিন্দ

৫. ইসলামী সংস্কৃতির মূলে রয়েছে—
i. আল্লাহর অস্তিত্বে ঈমান পোষণ
ii. আল্লাহর ক্ষমতায় ঈমান পোষণ
iii. তাকওয়ার প্রতি ঈমান পোষণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. ইচ্ছেকৃত সালাত পরিত্যাগ করা কীসের শামিল?
ক মুনাফিকের খ শয়তানের অনুসারির
গ কাফিরের ঘ কুফরির

৭. তাকওয়া বলতে বুঝায়—
ক সকল সৎ গুণের মূল
খ ভয়-ভীতিতে থাকা
গ আল্লাহকে স্মরণ
ঘ পরকালীন ভীতি

নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:
মুরাদ একটি কলেজে শিক্ষকতা করেন। তিনি সঠিক সময়ে কলেজে উপস্থিত হন। নিষ্ঠার সাথে সকল দায়িত্ব পালন করেন। তিনি একনিষ্ঠভাবে উবাদত বন্দেগীও করেন।

৮. মুরাদের দায়িত্ব পালনকে কী বলা হয়?
ক কঠোর সাধনা
খ কর্মে মনোযোগ
গ কর্তব্য পরায়ণতা
ঘ কর্তব্যে সাবধানতা

৯. মুরাদের প্রতিদান হলো—
i. বিশ্বস্ততা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি
ii. ইবাদতে কবুল হওয়া
iii. পরকালীন মুক্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. হালাল উপার্জনকারী ব্যক্তি কার বন্ধু?
ক জনগনের খ মুসলমানের
গ আল্লাহর ঘ গরীবের

১১. শামীম বিয়ে করার সাথে স্ত্রীর দেন মোহর পরিশোধ করেন? শামীম স্ত্রীর কোন অধিকার আদায় করেন?
ক ধর্মীয় খ সামাজিক
গ অর্থনৈতিক ঘ নারীর

১২. জাতিসংঘ শিশু অধিকার সনদে কত বছরের নিচে সব মানব সন্তান শিশু?
ক ১৫ বছর খ ১৬ বছর
গ ১৭ বছর ঘ ১৮ বছর

১৩. প্রতিবন্ধী কত প্রকার?
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

১৪. সন্তানের প্রতি মায়ের শ্রেষ্ঠতম দায়িত্ব কোনটি?
ক স্নেহ করা
খ খাবার দেয়া
গ দুধ পান করান
ঘ শিক্ষা দেয়া

১৫. ইসলামী পরিবারে সদস্যদের মধ্যে—
i. বড়রা ছোটদের স্নেহ করে
ii. ছোটরা বড়দের শ্রদ্ধা করে
iii. সকলে স্বীয় দায়িত্ব পালন করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

১৬. মিনাজ সাহেবের মা ভীষণ অসুস্থ। তাঁর ওপর হজ্জ ফরজ হওয়ায় তিনি এবার হজ্জ করার নিয়ত করেছেন।
i. এ বছরেই হজ্জ পালন করা
ii. মায়ের খোদমতের জন্য বাড়িতে থাকা
iii. পরবর্তী বছর হজ্জ করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৭. আল্লাহ কিয়ামতের মাঠে কার দোষত্রুটি গোপন রাখবেন?
ক) পাপীর
খ) দোষের বিচারকের
গ) দোষত্রুটি গোপনকারীর
ঘ) ন্যায় বিচারকের

১৮. কোনটি মুমিনদের মধ্যে ভ্রাতৃত্বকে অধিকতর সুদৃঢ় করে?
ক) ইসলাম খ) ইমান
গ) মসজিদ ঘ) সালাত

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:
শাকিল আধুনিক শিক্ষায় শিক্ষিত। সে তার বাল্য বন্ধু তুরাবের অনুপস্থিতিতে তার বদনাম করে। সবুর তাকে বলে, তুমি এমন কাজ করো না। এ ধরনের কাজ জগণ্য অপরাধ।

১৯. শাকিলের কাজটিকে বলা হয়—
ক) গিবত খ) মিথ্যাচার
গ) ফেতনা ঘ) জুলুম

২০. এমতাবস্থায় শাকিলের করণীয় হচ্ছে—
i. আল্লাহর কাছে তওবা করা
ii. তুরাবের নিকট ক্ষমা প্রার্থনা করা
iii. সবুরের নিকট ক্ষমা চাওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. আল-আমরু বিলমারুফ- অর্থ কী?
ক) অনুপ্রাণিত করণ
খ) আহ্বান করণ
গ) সৎ কাজের আদেশ
ঘ) সংশোধন করণ

২২. কার নামাজ রোজা সব বিফলে যাবে?
ক) গিবতকারীর খ) চোরা কারবারীর
গ) অসৎ সঙ্গীর ঘ) ধূমপায়ীর

২৩. সুদের কুফল হচ্ছে—
i. লোকদের মধ্যে অর্থনৈতিক বৈষম্য সৃষ্টি করা
ii. সম্পদশালী ও সঞ্চয়ী ব্যক্তিদের অলস রাখে
iii. জাতীয় ভাবে বিনিয়োগ কমে যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. কোনটির মাধ্যমে শয়তান আমাদের মধ্যে ঝগড়া, শত্রুতা, ঘৃণা সৃষ্টি করে?
ক) জুয়ার খ) সন্ত্রাসের
গ) ধূমপানের ঘ) আত্মহত্যার

২৫. কোনটি যুব সমাজের ধ্বংসের মোক্ষম হাতিয়ার?
ক) চুরি খ) মাদক
গ) জুয়া ঘ) ঘুষ

২৬. অপহরণ এর আরবি প্রতিশব্দ কোনটি?
ক) ইখতিতাফ খ) খামরুন
গ) মায়সির ঘ) ইনতিহার

২৭. কোন ব্যক্তির জন্য জান্নাত হারাম?
ক) চোর খ) অশ্লীল
গ) মুর্খ ঘ) দানশীলহীন

২৮. মুসলিম ব্যক্তির জমিতে উৎপাদিত ফসলের যাকাত কে কী বলা হয়?
ক) খারাজ খ) জিজিয়া
গ) গণিমত ঘ) উশর

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
জাহিদ সাহেব সর্বক্ষেত্রে ইসলামের বিধান মেনে চলতে চান। তার দশ লক্ষ টাকা ব্যাংকের রাখতে চান।

২৯. জাহিদ সাহেব কোন ব্যাংকে রাখতে পারেন?
ক) কেন্দ্রিয় ব্যাংকে
খ) বৈদেশিক ব্যাংকে
গ) ইসলামী ব্যাংকে
ঘ) সুদী ব্যাংকে

৩০. টাকা জমা রাখার ব্যাপারে জাহিদের উচিত—
i. সুদ এড়িয়ে চলা
ii. ইসলামের বিধান মেনে চলা
iii. হালাল-হারাম বিবেচনা করা।
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর	১	গ	২	ক	৩	খ	৪	ক	৫	ক	৬	ঘ	৭	ক	৮	গ	৯	ঘ	১০	গ	১১	গ	১২	ঘ	১৩	গ	১৪	গ	১৫	ঘ
	১৬	গ	১৭	গ	১৮	ঘ	১৯	ক	২০	ক	২১	গ	২২	ক	২৩	ঘ	২৪	ক	২৫	খ	২৬	ক	২৭	খ	২৮	ঘ	২৯	গ	৩০	ঘ

http://teachingbd.com